গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
rd.gov.bd

স্মারক নম্বর : ১০.০৫.০০০০.০০০.০১৮.১৮.০০০২.২৬-৭১

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

চলতি বর্ষা মৌসুমে ভারী বর্ষণের ফলে সম্প্রতি দেশের অনেক জেলায় বন্যার প্রাদুর্ভাব দেখা দিয়েছে, আবার অনেক এলাকায় আকস্মিক জলাবদ্ধতার সৃষ্টি হয়ে বহু বাড়ী-ঘর, অফিস আদালতেও পানি ঢুকেছে। অদূর ভবিষ্যতে অব্যাহত বৃষ্টির কারণে এ পরিস্থিতির আরো অবনতি ঘটতে পারে। এমন পরিস্থিতিতে দেশের সকল সাব-রেজিস্ট্রি অফিস সমূহ এবং জেলার রেকর্ড রুমে রক্ষিত জনগণের মূল্যবান রেকর্ড পত্রাদি বৃষ্টির পানিতে ভিজে অথবা প্লাবিত হয়ে নষ্ট হওয়ার আশংকা দেখা দিতে পারে। উল্লেখ্য যে, নিবন্ধন বিধিমালা-২০১৪ এর বিধি-১৩ মোতাবেক রেকর্ডপত্রের নিরাপদ হেফাজতের দায়িত্ব নিবন্ধনকারী কর্মকর্তার উপর বর্তায়। জনগণের মূল্যবান রেকর্ড পত্র যাতে কোন প্রকারে ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, বিশেষ সতর্কতা অবলম্বন এবং নিবন্ধন ম্যানুয়াল-২০১৪ এর ৬ষ্ঠ খন্ডের অনুচ্ছেদ-২৩৪ প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারকে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ বিবেচ্য।

জেলা রেজিস্ট্রার................(সকল)

(শামীমা আফরোজ)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।
ফোন : ০২-৪১০৫০১৮৫
ই-মেইল-igr@rd.gov.bd

স্মারক নম্বর : ১০.০৫.০০০০.০০০.০১৮.১৮.০০০২.২৬-৭১/৬১(৩)

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)
১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। অফিস নথি।

(শামীমা আফরোজ)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।